গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
আইন শাখা
www.mowca.gov.bd

নম্বর: ৩২.০০.০০০০.০৩৯.২২.০৯১.১৮.১৩৫

তারিখ: ২৩ কার্তিক ১৪২৫
০৭ নভেম্বর ২০১৮

**প্রজ্ঞাপন**

"বাল্যবিবাহ নিরোধ বিধিমালা ২০১৮" এর বিধি ৬(১) অনুযায়ী জেলা কমিটি নিম্নরূপভাবে গঠন করা হলো :

| | |
|---|---|
| ১. | জেলা প্রশাসক, যিনি উহার সভাপতিও হইবেন; |
| ২. | পুলিশ সুপার; |
| ৩. | সিভিল সার্জন; |
| ৪. | জেলা পরিষদের চেয়ারম্যান কর্তৃক মনোনীত উক্ত পরিষদের একজন প্রতিনিধি; |
| ৫. | পার্বত্য জেলার ক্ষেত্রে, সংশ্লিষ্ট পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান কর্তৃক মনোনীত উক্ত পরিষদের একজন প্রতিনিধি; |
| ৬. | প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট, সিটি কর্পোরেশনের মেয়র কর্তৃক মনোনীত উক্ত কর্পোরেশনের একজন প্রতিনিধি; |
| ৭. | মেয়র, পৌরসভা (প্রথম শ্রেণী); |
| ৮. | সকল উপজেলা পরিষদের চেয়ারম্যান ; |
| ৯. | সকল উপজেলা নির্বাহী কর্মকর্তা ; |
| ১০. | জেলা তথ্য কর্মকর্তা; |
| ১১. | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা; |
| ১২. | জেলা শিক্ষা কর্মকর্তা; |
| ১৩. | জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা; |
| ১৪. | জেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা; |
| ১৫. | উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর; |
| ১৬. | উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়; |
| ১৭. | উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর; |
| ১৮. | উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ; |
| ১৯. | জাতীয় মহিলা সংস্থার জেলা কমিটির চেয়াম্যান; |
| ২০. | জেলা নিবন্ধক; |
| ২১. | পাবলিক প্রসিকিউটর ; |
| ২২. | জেলা লিগ্যাল এইড কর্মকর্তা; |
| ২৩. | ওয়ান-স্টপ ক্রাইসিস সেলের প্রোগ্রাম অফিসার; |

| | |
|---|---|
| ২৪. | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত –<br>(ক) জেলা সদরে অবস্থিত মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়, কলেজ, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান এবং মাদ্রাসার একজন করিয়া প্রধান শিক্ষক বা অধ্যক্ষ বা তত্ত্বাবধায়ক;<br>(খ) একজন নিকাহ রেজিস্ট্রার;<br>(গ) বাল্যবিবাহ প্রতিরোধ অথবা নারী ও শিশু অধিকার সম্পর্কিত কার্যক্রম রহিয়াছে এইরূপ দুইটি বেসরকারি সংস্থার (এনজিও) একজন করিয়া উপযুক্ত প্রতিনিধি, যাহাদের মধ্যে একজন মহিলা হইবেন;<br>(ঘ) বাল্যবিবাহ প্রতিরোধ অথবা নারী ও<br>শিশু অধিকার সংরক্ষণ কার্যক্রমে অভিজ্ঞতাসম্পন্ন সংশ্লিষ্ট জেলায় বসবাসরত দুইজন নারী প্রতিনিধি;<br>(ঙ) জেলা সদরে অবস্থিত মাধ্যমিক বিদ্যালয়ের একজন ছাত্র এবং একজন ছাত্রী; এবং |
| ২৫. | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কমিটির সদস্য-সচিবও হইবেন। |

ক্রমিক নং ২৪ এ বর্ণিত মনোনীত সদস্যগণ তাহাদের মনোনয়নের তারিখ হইতে পরবর্তী ০৩ (তিন) বৎসর মেয়াদে সদস্যপদে অধিষ্ঠিত থাকিবেন;

তবে শর্ত থাকে যে,জেলা প্রশাসক উক্ত মেয়াদ শেষ হইবার পূর্বে যে কোনো সময় ,কারণ দর্শানো ব্যতিরেকে,উক্তরূপ মনোনীত কোনো সদস্যকে সদস্য পদ হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে এবং মনোনীত কোনো সদস্যও জেলা প্রশাসকের উদ্দেশ্যে স্বীয় স্বাক্ষরযুক্ত পত্রযোগে পদত্যাগ করিতে পারিবেন ।

জেলা কমিটি প্রয়োজনে কোনো ব্যক্তি বা সংস্থার প্রতিনিধিকে উহার সদস্য হিসাবে কো-অপ্ট করিতে পারিবে।

সংশ্লিষ্ট জেলার মাননীয় সংসদ-সদস্যগণ জেলা কমিটির উপদেষ্টা হইবেন।

০২। **জেলা কমিটির দায়িত্ব ও কার্যাবলি** - "বাল্যবিবাহ নিরোধ বিধিমালা, ২০১৮" এর বিধি ৮ অনুযায়ী জেলা কমিটির দায়িত্ব ও কার্যাবলি নিম্নরূপ হইবে –

(ক) বাল্যবিবাহ প্রতিরোধকল্পে উপজেলা কমিটির কার্যক্রম তদারকি, সমন্বয়, পরিবীক্ষণ ও মূল্যায়ন এবং প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান;

(খ) জাতীয় কমিটি হইতে প্রাপ্ত নির্দেশনা বা সুপারিশ বাস্তবায়ন;

(গ) বাল্যবিবাহ প্রতিরোধকল্পে সামাজিক সচেতনতা সৃষ্টির লক্ষ্যে লোকসংস্কৃতি, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়াসহ স্থানীয় পত্রিকা, কেবল নেটওয়ার্ক, বিলবোর্ড, পোস্টার, লিফলেট,প্রামান্যচিত্র, ওয়ার্কশপ, সেমিনার, সিম্পোজিয়াম এবং সামাজিক নেটওয়ার্কিং এর মাধ্যমে বাল্যবিবাহের কুফল সম্পর্কে প্রচারণার ব্যবস্থা গ্রহণ;

(ঘ) বাল্যবিবাহ প্রতিরোধের চ্যালেঞ্জসমূহ চিহ্নিতকরণ এবং উহা নিরসনে জাতীয় কমিটির নিকট প্রয়োজনীয় সুপারিশ পেশ;

(ঙ) প্রতি পঞ্জিকা বৎসরের শুরুতে বাল্যবিবাহ প্রতিরোধকল্পে কর্মপরিকল্পনা প্রণয়ন ও উহা বাস্তবায়ন; এবং

(চ) প্রতিমাসে সম্পাদিত কার্যাবলির প্রতিবেদন তপশিল-১ এ উল্লিখিত ফরম ক,খ ও গ অনুযায়ী প্রণয়ন এবং উহার অনুলিপি মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ।

রাষ্ট্রপতির আদেশক্রমে,